পাঠ ১৭

# গ্রাম ও শহর



## পাঠের মূলকথা

আলোচ্য গল্পে গ্রাম ও শহরের মধ্যকার কিছু পার্থক্য তুলে ধরা হয়েছে। গল্পের শুরুতে আমিন নামের একটি ছেলে গ্রাম থেকে শহরে তার ফুপুর বাড়িতে ঘুরতে যায়। প্রথমবার শহরের বড়ো বড়ো বিল্ডিং, এত গাড়ি, মানুষ দেখে অবাক হয়। তারপর ফুপু ও ফুপাতো বোন তিথির সাথে চিড়িয়াখানা, শিশুপার্ক ঘুরে ঘুরে দেখে। কয়েক মাস পরে তিথিও তার মায়ের সাথে গ্রামে মামার বাড়ি ঘুরতে যায়। গ্রামের ছোটো ছোটো ঘরবাড়ি, গাছপালা, পশু-পাখি দেখে তিথির খুব ভালো লাগে। কুমোরপাড়ায় মাটির হাঁড়ি, পুতুল ও খেলনা বানানো দেখে তিথি আনন্দিত হয়। সুতরাং গল্প থেকে আমরা বুঝতে পারি, তিথিদের শহরের পরিবেশ এক রকম, আমিনদের গ্রামের পরিবেশ আরেক রকম। শহর ও গ্রাম দুটিই সুন্দর।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

- প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালার ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।
- চিত্র বা ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয় বুঝতে পারব ও আনন্দ লাভ করতে পারা।
- শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালা ও যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে শুদ্ধভাবে বলতে পারা।
- পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্ট স্বরে শুদ্ধভাবে বলতে পারা।
- চিত্র/ছবি সংবলিত ও চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।
- বিদ্যালয় ও পারিবারিক পরিবেশ উপযোগী প্রশ্ন, নির্দেশনা, কথোপকথন বুঝে সহজ বাক্যে প্রমিত বাংলায় লিখতে পারা।
- পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ, বাক্য লিখতে পারা।

## পাঠের শিখনফল

১.২.১ যুক্তবর্ণযোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারব।
১.২.২ বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারব।
৪.১.৪ গল্প শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারব।
৪.১.৭ ছড়া, কবিতা, গল্প ও রূপকথা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারব।
৫.১.১ শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পারব।
৫.১.২ যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বলতে পারব।
৫.২.১ স্পষ্ট ও শুদ্ধভাবে শব্দ বলতে পারব।
৫.২.২ স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারব।
৮.১.৩ শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে বাচনভঙ্গি ঠিক রেখে গল্প ও রূপকথা বলতে পারব।
১৪.১.৩ সহজ বাক্যে প্রমিত বাংলায় প্রশ্নের উত্তর লিখতে পারব।
১৬.১.৫ গল্পের বাক্য দেখে দেখে লিখতে পারব।

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| গ্রাম | গাড়ি | ফুপু | চিড়িয়াখানা | হরিণ | ভালো | হাঁস | আনন্দ | কুমোর | হাঁড়ি |
| চাষি | দারুণ | | | | | | | | |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর (৩) চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৫

চিড়িয়াখানা, শিশুপার্ক, কুমোর, চাষি।

**উত্তর :**

**চিড়িয়াখানা** – যেখানে দেখানোর জন্য পশুপাখি রাখা হয়।
**শিশুপার্ক** – শিশুদের বিনোদনের জায়গা।
**কুমোর** – যারা মাটি দিয়ে জিনিস বানায়।
**চাষি** – যারা চাষ করে।

### ২ বাক্য লিখি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৬

শহর, দালান, পুকুর, মাটি।

শহর ______________________
দালান ______________________
পুকুর ______________________
মাটি ______________________

**উত্তর :**

শহর আমার মামা শহরে থাকেন।
দালান তাদের বড়ো দালান রয়েছে।
পুকুর আমাদের পুকুরে অনেক মাছ আছে।
মাটি মাটি ভালো হলে ফসল ভালো হয়।

### ৩ নিচের শব্দ দিয়ে খালি জায়গা পূরণ করি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৬

প্যাঁক প্যাঁক, গ্রাম, পুকুর, মাস, আনন্দ, সাথে।

এর কয়েক ——— পরের ঘটনা। তিথি মার ——— মামার বাড়িতে বেড়াতে গেল। তিথির মামা ——— থাকেন। তাঁদের বাড়ির পাশে ———। সেখানে হাঁস ——— করে ঘুরে বেড়ায়। দেখে তিথির ——— হয়।

**উত্তর :** এর কয়েক <u>মাস</u> পরের ঘটনা। তিথি মার <u>সাথে</u> মামার বাড়িতে বেড়াতে গেল। তিথির মামা <u>গ্রামে</u> থাকেন। তাঁদের বাড়ির পাশে <u>পুকুর</u>। সেখানে হাঁস <u>প্যাঁক প্যাঁক</u> করে ঘুরে বেড়ায়। দেখে তিথির <u>আনন্দ</u> হয়।

### ৪ বলি ও লিখি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৬

**প্রশ্ন ক. আমিন শহরের কী কী দেখে অবাক হয়েছে?**
**উত্তর :** আমিন শহরের অনেক গাড়ি, অনেক মানুষ, বিভিন্ন ধরনের দোকান দেখে অবাক হয়েছে।

**প্রশ্ন খ. তিথির কেন গ্রাম ভালো লাগে?**
**উত্তর :** চমৎকার প্রাকৃতিক পরিবেশের কারণে তিথির গ্রাম ভালো লাগে।

**প্রশ্ন গ. গ্রাম ও শহরের মিল অমিল বলি।**
**উত্তর : গ্রাম ও শহরের মিল হলো–**

১. গ্রাম ও শহরে বিদ্যুৎ রয়েছে।

২. গ্রাম ও শহরে পাকা রাস্তা আছে।
৩. গ্রাম ও শহরের ছেলেমেয়েরা স্কুলে যায়।

গ্রাম ও শহরের অমিল হলো–

১. শহরে বড়ো দালান আছে, গ্রামের ঘর-বাড়ি ছোটো ছোটো হয়।
২. শহরে একই দালানে অনেক পরিবার থাকে। গ্রামে একটি বাড়িতে একটি পরিবার থাকে।
৩. শহরে বাঘ, হরিণ, জিরাফ প্রভৃতি প্রাণী চিড়িয়াখানায় রাখা হয়। গ্রামে হাঁস পুকুরে ঘুরে বেড়ায় এবং পাখি গাছে গাছে উড়ে বেড়ায়।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

দালান, খেত, পুকুর, প্যাঁক প্যাঁক। ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২৪

**উত্তর :**

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| দালান | উঁচু পাকা ভবন। |
| খেত | ফসলের মাঠ। |
| পুকুর | পুষ্করিণী। |
| প্যাঁক প্যাঁক | হাঁসের ডাক। |

**প্রশ্ন ২. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

অবাক, হরিণ, শিশুপার্ক, গ্রাম, আনন্দ, কুমোর, খেত, পুকুর, প্যাঁক প্যাঁক। ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২৭

**উত্তর :**

| শব্দ | বাক্য |
|---|---|
| অবাক | আমিন অবাক হয়ে শহর দেখে। |
| হরিণ | সুন্দরবনে হরিণ বাস করে। |
| শিশুপার্ক | গতকাল শিশুপার্কে গিয়েছিলাম। |
| গ্রাম | গ্রামের রাস্তা অনেক সরু। |
| আনন্দ | বই উৎসবে আমরা আনন্দ করি। |
| কুমোর | কুমোর মাটি দিয়ে হাঁড়ি বানান। |
| খেত | সবুজ খেত দেখে চোখ ও মন জুড়ায়। |
| শিশুপার্ক | আমিন শিশুপার্কে ঘুরতে গিয়েছিল। |
| প্যাঁক প্যাঁক | হাঁস প্যাঁক প্যাঁক শব্দে ডাকে। |

**প্রশ্ন ৩. প্রদত্ত অনুচ্ছেদটি পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

গ্রামে কত গাছ! গাছে গাছে কত পাখি! রাস্তার দুপাশে ফসলের খেত। সেখানে চাষি চাষ করে। গ্রামের পরিবেশ তিথির দারুণ ভালো লাগে। ▸ শিক্ষক সহায়িকা, শিখনফল ৪.১.৭

ক. গাছের সমার্থক শব্দ লেখ।
খ. অনুচ্ছেদে কোন কোন বাক্যে বিস্ময়বোধক চিহ্ন ব্যবহার করা হয়েছে?
গ. কীসের দুপাশে ফসলের খেত?
ঘ. কে চাষ করেন?
ঙ. কোথাকার পরিবেশ তিথির দারুণ ভালো লাগে?

**উত্তর :**

ক. বৃক্ষ, তরু ইত্যাদি গাছের সমার্থক শব্দ।
খ. গ্রামে কত গাছ! গাছে গাছে কত পাখি!
গ. রাস্তার দুপাশে ফসলের খেত।
ঘ. চাষি চাষ করেন।
ঙ. গ্রামের পরিবেশ তিথির দারুণ ভালো লাগে।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৪. আমিন কোথায় বাস করে?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২৪

**উত্তর :** আমিন গ্রামে বাস করে।

**প্রশ্ন ৫. আমিন শহরে এসে অবাক হলো কেন?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২৪

**উত্তর :** একসাথে এত গাড়ি, এত মানুষ আর দোকান দেখে আমিন অবাক হলো।

**প্রশ্ন ৬. আমিন কোথায় বেড়াতে এসেছে?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২৪

**উত্তর :** আমিন ফুপুর বাড়িতে বেড়াতে এসেছে।

**প্রশ্ন ৭. আমিন চিড়িয়াখানায় গিয়ে কোন কোন প্রাণী দেখল?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২৬

**উত্তর :** আমিন চিড়িয়াখানায় গিয়ে বাঘ, হরিণ, জিরাফ দেখল।

**প্রশ্ন ৮. শিশুপার্কে আমিনের ঘুরতে কেন ভালো লাগে?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২৬

**উত্তর :** শিশুপার্ক হচ্ছে শিশুদের বিনোদনের জায়গা। আমিনও শিশুপার্কে অনেক বিনোদন নেয়, যার জন্য তার শিশুপার্কে ঘুরতে ভালো লাগে।

**প্রশ্ন ৯. তিথি গ্রামে কী কী দেখল?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৩০

**উত্তর :** তিথি গ্রামে পুকুর, হাঁস, কুমোরপাড়া, মাটির হাঁড়ি, পুতুল, গাছ, পাখি, ফসলের খেত ইত্যাদি দেখল।

**প্রশ্ন ১০. তিথি কোথায় বেড়াতে এসেছে?**

**উত্তর :** তিথি মামার বাড়িতে বেড়াতে এসেছে।

**প্রশ্ন ১১. তোমাদের গ্রাম নিয়ে তিনটি বাক্য লেখ।**

**উত্তর :**

ক. আমাদের গ্রামের চারপাশে সবুজ ফসলের খেত আছে।

খ. কুমোরপাড়ায় মাটির হাঁড়ি, পুতুল বানানো হয়।

গ. গাছে গাছে নানা পাখি, মাঠে মাঠে ফসলের সমারোহ।

**পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই**

**প্রশ্ন ১২. বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।**

গ্রামে কত গাছ গাছে গাছে কত পাখি রাস্তার দুপাশে ফসলের খেত সেখানে চাষি চাষ করে গ্রামের পরিবেশ তিথির দারুণ ভালো লাগে

**উত্তর :** গ্রামে কত গাছ! গাছে গাছে কত পাখি! রাস্তার দুপাশে ফসলের খেত। সেখানে চাষি চাষ করে। গ্রামের পরিবেশ তিথির দারুণ ভালো লাগে।

**লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**

**প্রশ্ন ১৩. ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**



▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২৭

**প্রশ্ন ক. ছবিতে কী কী দেখতে পাচ্ছ?**

**উত্তর :** ছবিতে দেখতে পাচ্ছি— ঘরবাড়ি, গাছপালা, নদী, নৌকা, ফসলের খেত, মানুষ ইত্যাদি।

**প্রশ্ন খ. ফসলের খেতে কারা কাজ করছেন?**

**উত্তর :** ফসলের খেতে চাষিরা কাজ করছেন।

**প্রশ্ন গ. ছবিটি শহর না গ্রামের?**

**উত্তর :** ছবিটি গ্রামের।

**প্রশ্ন ১৪. শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসিয়ে অনুচ্ছেদটি পূরণ কর।**

চাষি, চাষ, রাস্তা, গ্রাম, খেত।

আমি হাশিমপুরে থাকি। এটাই আমাদের ———। গ্রামের পশ্চিম পাশে ফসলের ———। করিম চাচা। তিনি একজন ———। ——— করেন নিজের খেতে। গ্রামের পূর্ব পাশ দিয়ে বয়ে গেছে নদী। আমাদের বাড়ি থেকে সোজা চলে গেছে একটা ———। নদীর ঘাটে মিশেছে রাস্তাটি।

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২৮

**উত্তর :** আমি হাশিমপুরে থাকি। এটাই আমাদের **গ্রাম**। গ্রামের পশ্চিম পাশে ফসলের **খেত**। করিম চাচা। তিনি একজন **চাষি**। **চাষ** করেন নিজের খেতে। গ্রামের পূর্ব পাশ দিয়ে বয়ে গেছে নদী। আমাদের বাড়ি থেকে সোজা চলে গেছে একটা **রাস্তা**। নদীর ঘাটে মিশেছে রাস্তাটি।

**প্রশ্ন ১৫. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

পরিবার, পুতুল, প্যাঁক প্যাঁক, অবাক।

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৩১

| | |
|---|---|
| আমিন শহরে এসে ——— হয়ে গেল। | পুতুল |
| হাঁস ——— করে ডাকে। | পরিবার |
| তিথি মাটি দিয়ে ——— বানায়। | অবাক |
| ফুপুদের দালানে অনেক ——— থাকে। | প্যাঁক প্যাঁক |

**উত্তর :**

| |
|---|
| আমিন শহরে এসে **অবাক** হয়ে গেল। |
| হাঁস **প্যাঁক প্যাঁক** করে ডাকে। |
| তিথি মাটি দিয়ে **পুতুল** বানায়। |
| ফুপুদের দালানে অনেক **পরিবার** থাকে। |

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | সহজ প্রশ্নের উত্তর দিতে পেরেছে। | | | |
| | পাঠসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর জানে। | | | |

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| | যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করতে পারে। | | | |
| | গল্প শুনে প্রশ্নের উত্তর লিখতে পারে। | | | |
| দক্ষতা | পাঠ থেকে শব্দ শনাক্ত করতে পেরেছে। | | | |
| | প্রশ্নের উত্তর লিখতে পেরেছে। | | | |
| | পড়ে বিষয়বস্তু বলতে পেরেছে। | | | |
| | প্রমিত উচ্চারণে গল্পের বাক্য পড়তে পেরেছে। | | | |
| | ঠিক শব্দ বসিয়ে অনুচ্ছেদ লিখতে পেরেছে। | | | |
| মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি | আগ্রহের সাথে পড়ে বিষয়বস্তু বলতে পেরেছে। | | | |
| | আনন্দের সাথে সহপাঠীর শিখন যাচাই করেছে। | | | |
| | ঠিক শব্দ বসিয়ে অনুচ্ছেদ লিখতে পেরেছে। | | | |
| | দলগত কাজে আগ্রহ প্রকাশ করেছে। | | | |
| | গ্রাম/শহর নিয়ে ভালো লাগা বলতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :...............

শিক্ষার্থীর নাম : ........................ শ্রেণি : ........................ রোল নম্বর : ☐

**১। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**

ক. আমিন শহরের কী কী দেখে অবাক হয়েছে?

খ. আমিন শহরে এসে অবাক হলো কেন?

গ. আমিন কার বাড়িতে বেড়াতে এসেছে?

২। তোমাদের গ্রাম নিয়ে তিনটি বাক্য লেখ।

**৩। শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসিয়ে অনুচ্ছেদটি পূরণ কর।**

চাষি, চাষ, রাস্তা, গ্রাম, খেত।

আমি হাশিমপুরে থাকি। এটাই আমাদের ———। গ্রামের পশ্চিম পাশে ফসলের ———। করিম চাচা। তিনি একজন ———। ——— করেন নিজের খেতে। গ্রামের পূর্ব পাশ দিয়ে বয়ে গেছে নদী। আমাদের বাড়ি থেকে সোজা চলে গেছে একটা ———। নদীর ঘাটে মিশেছে রাস্তাটি।

### উত্তরমালা

১ ▸ ক. আমিন শহরের অনেক গাড়ি, অনেক মানুষ, বিভিন্ন ধরনের দোকান দেখে অবাক হয়েছে।

খ. একসাথে এত গাড়ি, এত মানুষ আর দোকান দেখে আমিন অবাক হলো।

গ. আমিন ফুপুর বাড়িতে বেড়াতে এসেছে।

২ ▸ ক. আমাদের গ্রামের চারপাশে সবুজ ফসলের খেত আছে।

খ. কুমোরপাড়ায় মাটির হাঁড়ি, পুতুল বানানো হয়।

গ. গাছে গাছে নানা পাখি, মাঠে মাঠে ফসলের সমারোহ।

৩ ▸ আমি হাশিমপুরে থাকি। এটাই আমাদের **গ্রাম**। গ্রামের পশ্চিম পাশে ফসলের **খেত**। করিম চাচা। তিনি একজন **চাষি**। **চাষ** করেন নিজের খেতে। গ্রামের পূর্ব পাশ দিয়ে বয়ে গেছে নদী। আমাদের বাড়ি থেকে সোজা চলে গেছে একটা **রাস্তা**। নদীর ঘাটে মিশেছে রাস্তাটি।

মূল্যায়ন রিপোর্ট ▶ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐